



“বিনোদনের মাধ্যমে শিক্ষা”

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজয় সরণি, তেজগাঁও, ঢাকা-১২১৫।

ওয়েবসাইট: www.novotheatre.gov.bd



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের পরিচালনা বোর্ডের ৩৬তম সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ আনোয়ার হোসেন, সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

তারিখ : ১৫ মার্চ ২০২১, সোমবার

সময় : বিকাল ৪:৩০ টা

স্থান : বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সভাকক্ষ

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে বোর্ডের সদস্য-সচিব ও মহাপরিচালক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

আলোচ্য বিষয়-১: ৩৫তম সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ।

আলোচনা: সদস্য-সচিব ৩৫তম সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। সভাপতি কার্যবিবরণীর বিষয়ে সম্মানিত সদস্যদের কোন মতামত থাকলে তা সভায় অবহিত করার জন্য অনুরোধ করেন। কার্যবিবরণীর ওপর আর কোন মতামত না থাকায় ৩৫তম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণের বিষয়ে সম্মানিত সদস্যগণ একমত পোষণ করেন।

সিদ্ধান্ত:

১.১ : ৩৫তম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো।

আলোচ্য বিষয়-২: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্লানেটেরিয়ামের যন্ত্রপাতি মেইন্টেনেন্স করার লক্ষ্যে নভোথিয়েটারের নিজস্ব জনবল দিয়ে একটি সেল গঠনের জন্য ৫টি পদ সূজন প্রসঙ্গে

আলোচনা: সদস্য-সচিব অবহিত করেন যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্লানেটেরিয়াম যন্ত্রপাতি মেইন্টেনেন্স করার লক্ষ্যে নভোথিয়েটারের নিজস্ব জনবল দিয়ে একটি সেল গঠনের জন্য ১১টি পদ সূজনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ০৮টি পদ সূজনের সম্মতি পাওয়া যায়। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে সম্মতিপ্রাপ্ত ৮টি পদের মধ্য হতে অর্থ বিভাগ ৫টি পদ সূজনের সম্মতি প্রদান করে। উক্ত ৫টি পদের ক্ষেত্রে ভেটিং এর জন্য বাস্তবায়ন অনুবিভাগে প্রেরণ করা হলে ৪টি পদের ক্ষেত্রে ভেটিং পাওয়া যায় এবং মেকানিক্যাল ইঞ্জিনিয়ার পদটি চাকুরির বিদ্যমান প্রবিধানমালায় না থাকায় বেতন ক্ষেত্রে নির্ধারণ করা হয়নি। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্লানেটেরিয়াম যন্ত্রপাতি মেইন্টেনেন্স করার লক্ষ্যে নভোথিয়েটারের নিজস্ব জনবল দিয়ে একটি সেল গঠনের জন্য মেকানিক্যাল ইঞ্জিনিয়ার পদটি প্রবিধানমালায় অন্তর্ভুক্ত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সদস্য সচিব আরো জানান, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতিপ্রাপ্ত অবশিষ্ট তিনটি পদ (পরিচালক ১টি, উপপরিচালক ১টি এবং অফিস সহায়ক ১টি) সূজনের জন্য অর্থ বিভাগে পুনরায় অনুরোধ করা

হয়েছে। সভাপতি মহোদয় প্রস্তাবিত পদগুলো সূজনের বিষয়ে অর্থ বিভাগের সম্মানিত সদস্যকে প্রয়োজনীয় সহযোগিতার জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত:

২.১: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্লানেটেরিয়াম যন্ত্রপাতি মেইন্টেনেন্স করার লক্ষ্য নভোথিয়েটারের নিজস্ব জনবল দিয়ে একটি সেল গঠনের জন্য মেকানিক্যাল ইঞ্জিনিয়ার পদটির ক্ষেত্রে সম্পূর্ণ করতে হবে।

আলোচ্য বিষয়-৩: বিভাগীয় পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপন কার্যক্রমের অগ্রগতি

আলোচনা:

(ক) রাজশাহী বিভাগ: রাজশাহী বিভাগে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্য "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন" শীর্ষক প্রকল্পটির ভৌত অবকাঠামো নির্মাণ কাজ গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধানে ৬৫% কাজ সম্পন্ন হয়েছে। গত ০৪ অক্টোবর ২০২০ তারিখে সংশোধিত ডিপিপি অনুমোদিত হয়েছে। সংশোধিত ডিপিপি অনুযায়ী প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

(খ) বরিশাল বিভাগ: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বরিশাল স্থাপনের লক্ষ্য গত ০৮ জুন ২০২০ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারী করা হয়েছে। প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে এবং যোগাযোগ অব্যাহত আছে। ০৪ অক্টোবর ২০২০ তারিখে নভোথিয়েটারের মহাপিরিচালককে উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালক পদে অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়। ভূমি অধিগ্রহণের জন্য জেলা প্রশাসক বরিশাল হতে প্রাক্কলন পাওয়া গিয়েছে। সংশোধিত এডিপিতে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখা হয়েছে। ভূমি অধিগ্রহণের প্রয়োজনীয় অর্থ ছাড়ের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(গ) রংপুর বিভাগ: "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রংপুর স্থাপন" শীর্ষক প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে ১১ জানুয়ারি ২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। উক্ত ডিপিপি অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করা হচ্ছে।

(ঘ) খুলনা বিভাগ: খুলনায় নভোথিয়েটার স্থাপনের লক্ষ্য প্রকল্প মূল্যায়ন কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি সংশোধন করে ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। উক্ত ডিপিপি অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করা হচ্ছে।

(ঙ) চট্টগ্রাম বিভাগ: চট্টগ্রাম বিভাগে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্য প্রণয়নকৃত ডিপিপির উপর বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত প্রকল্প যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ১৩ জানুয়ারি ২০২১ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং মন্ত্রণালয় হতে প্রকল্পের জনবলের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। জনবলের প্রস্তাব অনুমোদনের বিষয়ে অর্থ বিভাগে যোগাযোগ করা হচ্ছে।

(চ) সিলেট বিভাগ: সিলেটে নভোথিয়েটার স্থাপনের লক্ষ্য ফিজিবিলিটি স্টাডির আলোকে স্থাপত্য অধিদপ্তরের নকশা এবং গণপূর্ত অধিদপ্তরের নির্মাণ ও পূর্ত কাজের প্রাক্কলন পাওয়া গেছে। উক্ত প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে ৩০ মার্চ ২০২১ তারিখে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

(৭) ময়মনসিংহ বিভাগ: ময়মনসিংহ বিভাগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার স্থাপনের লক্ষ্যে স্থান নির্ধারণের বিষয়ে বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক, ময়মনসিংহের সাথে যোগাযোগ অব্যাহত আছে। ময়মনসিংহ বিভাগীয় অফিস স্থাপন ও অন্যান্য স্থাপনার জন্য প্রস্তাবিত জায়গার মধ্যে নভোথিয়েটারের জন্য ১১.৮৭ একর জমির সংস্থান আছে। তবে জমির লে-আউট তৈরি হওয়ার পর নভোথিয়েটারের কারিগরি বিশেষজ্ঞ কমিটি কর্তৃক পরিদর্শনপূর্বক পরবর্তী করণীয় নির্ধারণ করা হবে।

সিদ্ধান্ত:

৩.১: "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রাজশাহী স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি সংশোধিত কর্মপরিকল্পনা অনুযায়ী সুস্থু ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

৩.২: "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বরিশাল স্থাপন" শীর্ষক প্রকল্পের ভূমি অধিগ্রহণের জন্য প্রয়োজনীয় অর্থ ছাড়ের জন্য মন্ত্রণালয়ে যোগাযোগ রেখে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৩.৩: "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রংপুর স্থাপন" শীর্ষক প্রকল্পের ডিপিপি অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করতে হবে।

৩.৪: "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, খুলনা স্থাপন" শীর্ষক প্রকল্পের ডিপিপি অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ করতে হবে।

৩.৫: "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, চট্টগ্রাম স্থাপন" শীর্ষক প্রকল্পের জন্য অর্থ বিভাগে প্রেরিত জনবলের প্রস্তাব অনুমোদনের বিষয়ে অর্থ বিভাগে যোগাযোগ করতে হবে।

৩.৬: "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, সিলেট স্থাপন" শীর্ষক প্রকল্পের ডিপিপির উপর প্রকল্প যাচাই কমিটির সভা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে যোগাযোগ করতে হবে।

৩.৭: "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, ময়মনসিংহ স্থাপন" শীর্ষক প্রকল্পের জমির লে-আউট পাওয়ার পর নভোথিয়েটারের কারিগরি বিশেষজ্ঞ কমিটি কর্তৃক পরিদর্শনপূর্বক পরবর্তী করণীয় নির্ধারণ করতে হবে।

আলোচ্য বিষয়-৪: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের প্লানেটেরিয়ামের জন্য খুচরা যন্ত্রাংশ ক্রয় প্রসঙ্গে।

আলোচনা: সদস্য-সচিব অবহিত করেন যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার প্লানেটেরিয়ামের খুচরা যন্ত্রাংশগুলো সংগ্রহ জরুরি বিধায় নভোথিয়েটারের পূর্ববর্তী অর্থবছরসমূহের উদ্বৃত্ত আয় হতে উক্ত খুচরা যন্ত্রাংশগুলো ক্রয়ের জন্য ১.৪৫ কোটি টাকা সংশোধিত বাজেটে অন্তর্ভুক্ত করা হয়েছে। খুচরা যন্ত্রাংশ সংগ্রহের জন্য এলসি খোলা হয়েছে এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

সিদ্ধান্ত:

৪.১: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার প্লানেটেরিয়ামের খুচরা যন্ত্রাংশগুলো আর্থিক বিধিবিধান এবং পিপিআর অনুসরণপূর্বক ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৫: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের নতুন ডিজিটাল ফিল্ম সংগ্রহ সংক্রান্ত।

আলোচনা: সদস্য-সচিব অবহিত করেন যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের জন্য মন্ত্রণালয় কর্তৃক ০৯/০৪/২০১৮ তারিখে গঠিত দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) বাতিল এবং ডিজিটাল ফিল্ম ক্রয় প্রস্তাব বাতিল করা হয়েছে। আর্থিক বিধিবিধান এবং পিপিআর অনুসরণপূর্বক সংস্থা প্রধান কর্তৃক কমিটি পুনর্গঠন করা হয়েছে। নভোথিয়েটার কারিগরি বিশেষজ্ঞ কমিটির সুপারিশ অনুযায়ী বিনির্দেশ (Specification) সংশোধন করে সরাসরি ক্রয় পদ্ধতিতে Goto Inc. Japan এর নিকট দর প্রস্তাব চাওয়া হয়েছে। সভাপতি জানান যে, আর্থিক বিধিবিধান এবং পিপিআর অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত:

৫.১: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের জন্য ডিজিটাল ফিল্ম ক্রয়ের নিমিত্ত আর্থিক বিধিবিধান এবং পিপিআর অনুসরণপূর্বক সংস্থা প্রধান কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৬: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্যাপন উপলক্ষ্যে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন প্রসঙ্গে।

আলোচনা: সদস্য-সচিব অবহিত করেন যে, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্যাপনের লক্ষ্যে বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহন করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী নভোথিয়েটারে একটি বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বঙ্গবন্ধু কর্ণারের স্থাপত্য নক্তা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়কে দেখানো হয়েছে। গণপূর্ত অধিদপ্তরের মাধ্যমে কাজটি প্রায় শেষ পর্যায়ে। শীঘ্রই এটি উদ্বোধন করা হবে। আলোচনার প্রেক্ষিতে সভাপতি জানান যে, বঙ্গবন্ধু কর্ণার বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়কে দিয়ে উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত:

৬.১: নভোথিয়েটারে স্থাপিত “বঙ্গবন্ধু কর্ণার” বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়কে দিয়ে উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আলোচ্য বিষয়-৭: নভোথিয়েটারের এক্সিবিটসু সচল রাখা প্রসঙ্গে :

আলোচনা: সদস্য-সচিব অবহিত করেন যে, কোডিড-১৯ পরিস্থিতিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের সকল প্রদর্শনী বন্ধ থাকায় ইতোমধ্যে কতিপয় এক্সিবিটে সমস্যা দেখা দিয়েছে। নভোথিয়েটারের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে এক্সিবিটগুলির ক্রটি চিহ্নিত করা হয়েছে। কমিটির প্রতিবেদন অনুযায়ী ১২ টি ডিজিটাল এবং সাইন্টিফিক এক্সিবিটের কতিপয় যন্ত্রাংশ পরিবর্তন করা প্রয়োজন। ই-জিপি দরপত্রের মাধ্যমে প্রয়োজনীয় যন্ত্রাংশ সংগ্রহ করে এক্সিবিটগুলি সচল করার ব্যবস্থা করা হচ্ছে। এই বিষয়ে পরিচালনা বোর্ডের সম্মনিত সদস্যগণ একমত পোষণ করেন। সভাপতি জানান যে, আর্থিক বিধিবিধান এবং পিপিআর অনুসরণপূর্বক এক্সিবিট মেরামতের কাজ মে ২০২১ সময়ের মধ্যে শেষ করতে হবে।

সিদ্ধান্ত:৭.১: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ব্রুটিযুক্ত ১২ টি এক্সিবিটস আর্থিক বিধিবিধান এবং পিপিআর অনুসরণপূর্বক দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪৮

আলোচ্য বিষয়-৮: ৫ডি এডুটেন্টমেন্ট সিমুলেটর প্রতিস্থাপন করে VR কর্ণার স্থাপন প্রসঙ্গে ;

আলোচনা: সদস্য-সচিব অবহিত করেন যে, ১২ আসনবিশিষ্ট ৫ডি এডুটেন্টমেন্ট সিমুলেটর এর সিট, মুভমেন্ট সিস্টেম এবং আনুষঙ্গিক যন্ত্রপাতি বর্তমানে নষ্ট আছে। উক্ত এক্সিবিট মেরামত করে সন্তোষজনক সেবা পাওয়া যাবে না বলে নভোথিয়েটারের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মতামত দিয়েছেন। তাছাড়া ৫ডি এডুটেন্টমেন্ট সিমুলেটর এবং ৫ডি মুভি থিয়েটার এ প্রদর্শিত ফিল্মগুলো একই ধরণের হওয়ায় দর্শকদের বিনোদনের জন্য নতুন এক্সিবিট সংযোজন করা প্রয়োজন। বিষয়টি নভোথিয়েটারের কারিগরি বিশেষজ্ঞ কমিটির সভায় উপস্থাপন করা হয়। কারিগরি বিশেষজ্ঞ কমিটি সরেজমিনে পরিদর্শন পূর্বক সর্বসম্মতিক্রমে মতামত দেন যে, ৫ডি এডুটেন্টমেন্ট সিমুলেটর অকেজো ঘোষণা করে কক্ষটি রিনোভেশনসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করে উক্ত স্থানে VR কর্ণার স্থাপন করা প্রয়োজন। উল্লেখ্য নভোথিয়েটারে 4IR পরিকল্পনার অংশ হিসাবে VR কর্ণার স্থাপন করা হলে দর্শকদের জন্য এক্সিবিটটি উপভোগ্য হবে। উক্ত কাজের জন্য আনুমানিক ২৫.০০ লক্ষ টাকার প্রয়োজন হতে পারে যার সংস্থান চলতি বছরের সংশোধিত বাজেটে আছে। এই বিষয়ে পরিচালনা বোর্ডের সম্মিলিত সদস্যগণ একমত পোষণ করেন। সভাপতি আর্থিক বিধিবিধান এবং পিপিআর অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।

সিক্ষাত্ত:৮.১: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের ৫ডি এডুটেন্টমেন্ট সিমুলেটর অকেজো হওয়ায় কক্ষটি রিনোভেশনসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি সংগ্রহ করে উক্ত স্থানে VR কর্ণার স্থাপন করতে হবে।

আলোচ্য বিষয়-৯: নভোথিয়েটারের আধুনিকায়নের জন্য ডিপিপি প্রণয়ন।

আলোচনা: সদস্য-সচিব অবহিত করেন যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। বঙ্গবন্ধু সামরিক জাদুঘরের সাথে সামঞ্জস্য রেখে নভোথিয়েটার আধুনিকায়নের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা রয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার ঢাকা, আধুনিকায়নের জন্য নির্মাণ ও পূর্ত কাজের ডিপিপি প্রণয়নের নিমিত্ত গণপূর্ত অধিদপ্তর, সংশ্লিষ্ট সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ, নির্বাহী প্রকৌশলী গণপূর্ত সম্পদ বিভাগ, নির্বাহী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর এবং নভোথিয়েটারের কর্মকর্তাদের সমন্বয়ে গত ২১ ফেব্রুয়ারী ২০২১ তারিখে নভোথিয়েটারের বিভিন্ন স্থাপনা সরেজমিনে পরিদর্শন করা হয়। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সংশ্লিষ্ট সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ, নির্বাহী প্রকৌশলী গণপূর্ত সম্পদ বিভাগ, নির্বাহী স্থপতি, স্থাপত্য অধিদপ্তর এবং নভোথিয়েটারের কর্মকর্তাগণ পরিদর্শনকালে উপস্থিত ছিলেন। নভোথিয়েটারকে আধুনিকায়নের জন্য যৌথ পরিদর্শনে চিহ্নিত কাজসমূহ অন্তর্ভুক্ত করে একটি ডিপিপি প্রণয়ন করার জন্য সংশ্লিষ্টদের প্রধান প্রকৌশলী গণপূর্ত অধিদপ্তর নির্দেশনা প্রদান করেন। আলোচনার প্রেক্ষিতে সম্মিলিত সদস্য অধ্যাপক ড. সুলতানা শফি, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় (অবসর প্রাপ্ত) জানান যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারের পূর্ত কাজের সাথে বিভিন্ন প্রদর্শনী (প্লানেটারিয়াম, ডিজিটাল ও সাইন্টিফিক এক্সিবিটস্ ইত্যাদি) যুগেগোষ্ঠী ও আধুনিকায়ন করা প্রয়োজন। সম্মানিত সদস্য জনাব সুরত কুমার আদিত্য, অধ্যাপক, তড়িৎ ও ইলেক্ট্রনিক্স কৌশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় জানান যে, বিশ্বব্যাপী ডিজিটাল প্ল্যানেটারিয়াম প্রজেকশন সিস্টেমের দ্রুত পরিবর্তন হচ্ছে। সেপ্রেক্ষিতে নভোথিয়েটার ঢাকার প্ল্যানেটারিয়ামের যন্ত্রপাতি আধুনিকায়ন করা প্রয়োজন।

আলোচনার প্রক্ষিতে সভাপতি মহোদয় জানান যে, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নড়োথিয়েটার আধুনিকায়নের জন্য কারিগরি বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে যুগোপযোগী প্লানেটারিয়াম, ডিজিটাল ও সাইন্টিফিক এক্সিবিটস্ এর তালিকা নিয়ে ডিপিপিতে অন্তর্ভুক্ত করার বিষয়ে মহাপরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ জন্য করবেন।

সিক্ষাত্ত-৯.১: বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নড়োথিয়েটার আধুনিকায়নের ডিপিপিতে নির্মাণ ও পূর্ত কাজের সাথে নড়োথিয়েটারের কারিগরি বিশেষজ্ঞ কমিটির মাধ্যমে প্রণীত ডিজিটাল ও সাইন্টিফিক এক্সিবিটস্ এর তালিকা এবং যুগোপযোগী প্লানেটারিয়াম যন্ত্রপাতি অন্তর্ভুক্ত করার জন্য মহাপরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ জন্য করবেন।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/১১/২০২১

(মোঃ আনোয়ার হোসেন)

সিনিয়র সচিব

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

ও

সভাপতি

পরিচালনা বোর্ড

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নড়োথিয়েটার